

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব শাহ আলম, সাবেক পরিদর্শক (বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক রুজুকৃত মামলা নং-০২/০৯-১০ এর রায়ে চাকুরী হতে অপসারণকৃত), বিকেবি, হীলা শাখা, কক্সবাজার ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, হারবাং শাখায় পরিদর্শক হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বিকেবি, কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৭ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৪০/২০০৭-২০০৮ নম্বর শৃংখলাজনিত বিভাগীয় মামলা রুজু করিয়া ২৬.০৫.২০০৮ খ্রিঃ তারিখের প্রকাঃকব্যবিঃ৩ঃ১ঃ২ঃ৮ঃ৪ঃ৯/২০০৭-২০০৮/২২৯৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব শাহ আলম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না এই মর্মে ১০.০৮.২০১৬ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ২ঃ৮ঃ৪ঃ৯/২০০৭-২০০৮/৩৯৭ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব শাহ আলম প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ১০.০৮.২০১৬ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন নাই। অতপরঃ কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা চাকুরী হইতে বরখাস্তের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ) (উ) প্রবিধি অনুসারে আপনি জনাব শাহ আলম আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব শাহ আলম
(ভঃ তঃ সূচক নং : এস-১৯৬২)
পরিদর্শক (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
হীলা শাখা, কক্সবাজার।

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ২ঃ৮ঃ৪ঃ৯(২০০৭-২০০৮)/২০১৮-২০১৯/ ২৬ (৩)

তারিখঃ ০৪.০৭.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কক্সবাজার।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, হীলা শাখা, কক্সবাজার। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব শাহ আলম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। তিনি উহা গ্রহণে অস্বীকার করিলে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা/মাতা/ভাই/বোন/স্বী/পুত্র/কন্যা) নিকট প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারাও অস্বীকৃতি জানাইলে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার স্থায়ী ঠিকানার বসত বাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে দুইজন স্বাক্ষরিত উপস্থিতিতে লটকাইয়া জারী করতঃ স্বাক্ষরিত স্বাক্ষর, নাম ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন প্রনয়ণ করিয়া উহা অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, হারবাং শাখা, কক্সবাজার।
- ১২। নথি/মহানথি/মূলনথি।

০৪/০৭/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক